# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 13 April, 2025

রাজবাড়ী জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মো. সাব্বির হোসেনকে দলীয় শৃঙ্খলাপরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে দলীয় পদ থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে।শনিবার (১২ এপ্রিল) রাতে কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের দলীয় প্যাডে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দলীয় শৃঙ্খলাপরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল রাজবাড়ী জেলা শাখার যুগ্ম আহ্বায়ক মো. সাব্বির হোসেনকে দলীয় পদ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সভাপতি এস এম জিলানী ও সাধারণ সম্পাদক রাজিব আহসান এই সিদ্ধান্ত অনুমোদন করেন।প্রেস বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-দফতর সম্পাদক মো. ওসমান গনি।

এ বিষয়ে রাজবাড়ী জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আব্দুল মালেক খান বলেন, ‘দলীয় শৃঙ্খলা ভঙ্গের অপরাধে জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মো. সাব্বির হোসেনকে দল থেকে অব্যাহতি দিয়েছে কেন্দ্রীয় কমিটি।কেন্দ্রের অব্যাহতিপত্রের চিঠিটি আমি পেয়েছি।

উল্লেখ্য, গত ৪ এপ্রিল রাতে রাজবাড়ী জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মো. সাব্বির হোসেনের নেতৃত্বে পৌর শহরের আজাদী ময়দানে অবস্থিত জেলা ছাত্রদলের আহ্বায়ক আরিফুল ইসলাম রোমানের রাজনৈতিক অফিস ভাঙচুর করা হয়।এ সংক্রান্ত একটি সিসিটিভি ফুটেজ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।গত ১৭ মার্চ রাজবাড়ী জেলা স্বেচ্ছাসেবক দলের ৫১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন দেয় কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দল।ওই কমিটিতে ৫ নম্বর যুগ্ম আহ্বায়ক ছিলেন সাব্বির হোসেন।

ছাত্রদল নেতা অভিযোগ স্বেচ্ছাসেবক দল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:20

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/775807705